দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 5 AUG 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

# সরকারী প্রাথমিক শিক্ষকদের গণঅনশনের হুমকি

**স্টাফ রিপোর্টার ।** আগামী এক সেপ্টেম্বরের মধ্যে প্রধান শিক্ষকের চলতি দায়িত্ব প্রদানে কালক্ষেপণসহ পাঁচ দফা দাবি পূরণ না হলে গণঅনশনের হুমকি দিয়েছেন সরকারী প্রাথমিক শিক্ষকরা। শুক্রবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত সংবাদ সম্মেলন থেকে দীর্ঘমেয়াদী কর্মসূচীও ঘোষণা করা হয়েছে।

শিক্ষকদের অন্যান্য দাবির মধ্যে রয়েছে– প্রধান শিক্ষকদের করসপন্ডিং প্রদানপূর্বক ১০ম গ্রেডে বেতন নির্ধারণসহ দ্বিতীয় শ্রেণীর গেজেটের মর্যাদা প্রদান এবং সহকারী শিক্ষকদের ১১তম গ্রেডে বেতন প্রদান করা, সহকারী শিক্ষক পদকে এন্ট্রি পদ ধরে পরিচালক পর্যন্ত সর্বস্তরে দ্রুততম সময়ের মধ্যে শতভাগ পদোন্নতি দেয়া, সমাপনী পরীক্ষা ব্যতীত বিদ্যালয়ের অভ্যন্তরীণ সব পরীক্ষা পূর্বের ন্যায় বিদ্যালয়ভিত্তিক প্রশ্নপত্র তৈরিসহ পরীক্ষা পদ্ধতি চালু করা, শিওরক্যাশসহ পাঠদান বহির্ভূত কাজ হতে শিক্ষকদের মুক্ত রাখা এবং জাতীয় শিক্ষানীতি অনযায়ী প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণীতে উন্নতির ব্যবস্থা দ্রুত সময়ের মধ্যে করা ও প্রাথমিক শিক্ষকদের চাকরি নন ভেকেশনাল হিসেবে গণ্য করা। সংবাদ সম্মেলনে আগামী এক সেপ্টেম্বরের মধ্যে দাবিসমূহ বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়। এ সময়ের মধ্যে দাবি না মানা হলে বিভিন্ন কর্মসূচীর ঘোষণা দিয়েছে প্রাথমিক শিক্ষক সমিতি। দাবি মানা না হলে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের পর ১৬ থেকে ৩০ আগস্ট পর্যন্ত সারাদেশে উপজেলা, জেলা ও মহানগরের নেতৃবৃন্দ পদোন্নতি বঞ্চিত শিক্ষকদের একত্রিত করে সভার আয়োজন করবে এবং আন্দোলনের প্রস্তুতি গ্রহণ করবে। ১৯ সেপ্টেম্বর সারাদেশের শিক্ষকদের সমন্বয়ে জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন শেষে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করা হবে। এছাড়া ১৯ অক্টোবর কেন্দ্রীয় শহীদ মিনারে সারাদেশের শিক্ষকদের সমন্বয়ে মহাসমাবেশ ও গণঅনশন কর্মসূচী দাবি মানা না পর্যন্ত পালন করা হবে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক গাজীউল হক চৌধুরী। এ সময় আরও উপস্থিত ছিলেন সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম তোতা, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল ওয়াদুদ ভুইয়া।

## নন-ভোকেশন ঘোষণাসহ প্রাথমিক শিক্ষক সমাজের ৮ দাবি

প্রধান শিক্ষকদের নিচের ধাপে সহকারী শিক্ষকদের বেতন স্কেলসহ ৮ দফা দাবি তুলেছেন বাংলাদেশ সহকারী প্রাথমিক শিক্ষক সমাজের নেতৃবৃন্দ। শুক্রবার রাজধানীর সেগুনবাগিচায় এক সংবাদ সম্মেলনে দাবিসমূহ তুলে ধরেন সংগঠনের সভাপতি তপন কুমার মন্ডল ও সাধারণ সম্পাদক এইচ বি এম আছাদুজ্জামান।